

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩১৪

শান্তিরবাজার, ২০ ডিসেম্বর, ২০২৩

**মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রকল্পে লাভার্থীদের সম্মাননা
প্রাণীজ খাদ্য উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করার লক্ষ্যে
বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে : প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী**

রাজ্যে প্রাণীজ খাদ্যের চাহিদা রয়েছে। তাই প্রাণীজ খাদ্য উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। চলতি অর্থবছর থেকে প্রাণীপালকদের সহায়তা দেওয়ার লক্ষ্যে রাজ্যে মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রকল্প চালু করা হয়েছে। আজ বিলোনীয়ার পুরাতন টাউনহলে মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রকল্পে লাভার্থীদের সম্মাননা জ্ঞাপন অনুষ্ঠানে প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। অনুষ্ঠানে তিনি বলেন, প্রাণীপালকদের স্বনির্ভর করার লক্ষ্যেই এই প্রকল্প চালু করা হয়েছে। এই প্রকল্পে রাজ্যের অর্থনৈতিকভাবে অনগ্রসর প্রাণীপালকদের আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস আরও বলেন, প্রাণীজ খাদ্যের উৎপাদন বৃদ্ধির জন্য সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। প্রাণী স্বাস্থ্য সুরক্ষায়ও উদ্যোগ নেওয়া হয়েছে। তাছাড়া প্রাণীপালকদের প্রাণী বীমার সুযোগ ও কিষাণ ক্রেডিট কার্ডে ঋণ দেওয়া হচ্ছে। রাজ্য সরকার প্রাণীপালকদের সহায়তায় ৯টি প্রকল্প চালু করেছে। তিনি বলেন, মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রকল্পে রাজ্যের অর্থনৈতিকভাবে অনগ্রসর এমন ২ হাজার ৯০০ জন প্রাণীপালককে সহায়তা দেওয়া হবে। এই প্রকল্পে সুবিধাভোগীদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক মাইলাফু মগ, বিধায়ক স্বপ্না মজুমদার ও প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্র। উপস্থিত ছিলেন বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল রঞ্জন গোপ, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক সাজু বাহিদ এ, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা সুবীর দাস প্রমুখ।

অনুষ্ঠানে প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী ও অন্যান্য অতিথিগণ মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রকল্পে ১১ জন লাভার্থীর হাতে আর্থিক সহায়তা হিসেবে ব্যাঙ্কের চেকের রেপ্লিকা তুলে দেন। এই প্রকল্পে দক্ষিণ ত্রিপুরা জেলার ৩০০ জন প্রাণীপালককে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।
